



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৪৩/ক/স্বী/৮৪(অংশ-১)/৮৬৬

তারিখ: ০৬/১০/২০১৯

বিষয়: ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি নির্বাচনের তফসিল পিএসসি, জেএসসি, এসএসসি ও স্কুলের বার্ষিক পরীক্ষার পরবর্তী সময়ে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: জনাব মো: বিল্লাল হোসেন ভূঞা এর ৩০/০৯/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: বিল্লাল হোসেন ভূঞা বেশ কিছু সংখ্যক অভিভাবকের স্বাক্ষর সহ একটি আবেদন (কপি সংযুক্ত) করেন। উক্ত আবেদনের বিষয়ে মতামত আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ (১০৮৩৫৭)

রমনা, ঢাকা

তারিখ : ৩০/০৯/২০১৯

মাননীয়

শিক্ষামন্ত্রী

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কম
ফলেজের অধ্যক্ষকে
মিঃ সত্যজিৎ কুমার
০৯ মতান্তর, এম.পি.ও
জি.এস.সি. ২-১০-১৯

একত্রী

বিষয় : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের গভার্ণিং বডি নির্বাচনের তফসিল পি.ই.সি, জে.এস.সি, এস.এস.সি ও স্কুলের বার্ষিক পরীক্ষা পরবর্তী সময়ে পুনঃ নির্ধারণ করার জন্য আবেদন প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের সুপ্রাচীনতম প্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ নারী শিক্ষার জন্য বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। উল্লেখিত প্রতিষ্ঠানে বিগত গভার্ণিং বডির ভর্তি বাণিজ্য, শিক্ষক নিয়োগ বাণিজ্য, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ বাণিজ্য, অধ্যক্ষ নিয়োগ বাণিজ্যসহ যাবতীয় কার্যক্রমের দুর্নীতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের তদন্তে পরিক্ষারভাবে ফুটে উঠেছে। যাহা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে 'মাউশি' তদন্ত করে দুর্নীতির সঠিক প্রমাণও পেয়েছে। যার পরিপ্রেক্ষিতে তৎসময়ে মন্ত্রণালয় কর্তৃক অধ্যক্ষ নিয়োগ স্থগিত এবং একজন ভারপ্রাপ্ত অধ্যক্ষের এম.পি.ও স্থগিত করা হয়েছে। স্বনামধন্য এ প্রতিষ্ঠানের টাল-মাটাল অবস্থা থেকে উত্তরণের প্রথম প্রদক্ষেপ হিসেবে আপনার মন্ত্রণালয় কর্তৃক প্রেরণে নতুন একজন অধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়েছে। এজন্য আমরা ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সকল অভিভাবকবৃন্দের পক্ষ হতে, আপনি ও আপনার মন্ত্রণালয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। কিন্তু কয়েকজন পুরাতন সদস্য ও তাদের এজেন্টরা বিগত তিন মাস থেকে নির্বাচনের নামে ঢাকা মহানগরের অলি-গলি, বাসা-বাড়ি ও ফ্লাইওভারসহ সরকারি-বেসরকারি ভবনে পোস্টার ও ব্যানার প্রদর্শন করে আসছে। যার ব্যাপারে আমরা অত্যন্ত উদ্ভিগ্ন। পোস্টার ও ব্যানারের কারণে কলেজের নামটিও দেখা যাচ্ছে না এবং স্কুলের ওয়ালে লেখা বিভিন্ন ধরনের মনিষীর বাণী ও পোস্টারের মাধ্যমে ঢেকে ফেলা হয়েছে। যা দৃষ্টিকটু এবং এ বিষয়ে মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সমালোচিত। বিগত কমিটির সময় দুই বৎসরে পড়ালেখার অবস্থার অনেক অবনতি ঘটেছে। বিভিন্ন বোর্ড পরীক্ষায়ও রেজাল্টের ছন্দ পতন ঘটেছে। স্কুল ও কলেজে বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা প্রায় ২৬,০০০ (ছাব্বিশ হাজার)। অষ্টম শ্রেণীর জে.এস.সি পরীক্ষা ২রা নভেম্বর এবং পঞ্চম শ্রেণির পি.ই.সি পরীক্ষা ১৭ ই নভেম্বর। ১৪ ই অক্টোবর থেকে শুরু হবে এস.এস.সি টেস্ট পরীক্ষা এবং নভেম্বরে শুরু হবে এইচ.এস.সি টেস্ট পরীক্ষা। এছাড়া স্কুলের অন্যান্য ক্লাসের বার্ষিক পরীক্ষা নভেম্বর শেষ সপ্তাহ থেকে শুরু হবে এবং ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে শেষ হবে। ২০২০ সালের এস.এস.সি পরীক্ষা শুরু হবে ফেব্রুয়ারী মাসের ০১ তারিখে। এ সময়ে নির্বাচন শিক্ষার্থীদের পড়াশোনার মনযোগ বিনষ্ট করবে এবং এই সময়টা সকল শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতি, ক্লাস এবং লেখাপড়ার জন্য খুবই গুরুত্বপূর্ণ সময়।

এমতাবস্থায় উল্লেখিত বিষয়টির প্রতি নজর দিয়ে স্বনামধন্য এই প্রতিষ্ঠানের অনিয়মগুলো দূর করে এবং দুর্নীতির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করে সকল শিক্ষার্থীর পড়ালেখার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে এনে এবং সকল পরীক্ষার্থীদের পরীক্ষা শেষ হওয়ার পরে নির্বাচনের আয়োজন করার বিষয়ে আপনার সদয় দৃষ্টি কামনা করছি।

স্বনামধন্য

শেখ মুজিবুর রহমান

আপনাদের বিশ্বস্ত অভিভাবকবৃন্দের পক্ষে (মোবাইল-০১৭১১-১২৮৬৭৩)

অনুলিপি :

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। নাজমুল হক খান, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ও সভাপতি (এডহক কমিটি), ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ঢাকা।
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আই.সি.টি), ঢাকা এবং প্রিজাইডিং অফিসার, গভার্ণিং বডি নির্বাচন, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা।
- ৯। ঢাকা জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

সংযুক্তি :

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের অভিভাবকবৃন্দের স্বাক্ষরের তালিকা ২৬ পৃষ্ঠা।